

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪১৮

৪৫/ দু'আসমূহ (ﷺ) ১বাب الدعوات عن رسول الله

পরিচ্ছেদঃ ২৯. রাতে (তাহজ্জুদের) নামায আদায় করতে উঠে যে দু'আ পাঠ করবে

باب مَا يَقُولُ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ إِلَى الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنسٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ طَاؤُسٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، رضى الله عنهما أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا قَامَ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، رضى الله عنهما أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا قَامَ إِلَى الصَّلاَةِ مِنْ جَوْفِ اللَّيْلِ يَقُولُ " اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَوَاتِ وَالأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ رَبُّ السَّمَوَاتِ وَالأَرْضِ وَمَنْ فِيهِنَّ أَنْتَ الْحَقُّ وَالسَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ أَسْلَمْتُ وَعَدُكَ الْحَقُ وَلِقَاؤُكَ حَقِّ وَالْجَنَّةُ حَقِّ وَالنَّارُ حَقٌّ وَالسَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ مَا تَحَدِّثُ وَعَدُكَ الْحَوْثُ وَلِقَاؤُكَ حَقٌّ وَالْجَنَّةُ حَقٌّ وَالسَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أَنْبُتُ وَبِكَ خَاصَمْتُ وَإِلَيْكَ مَاكُمْتُ وَالْمَالُمْتُ وَالْمَالُمْتُ وَالْمَالُمْتُ وَالْمَالُمْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ أَنْتَ إِلَهِ لِا إِلَهَ إِلاَّ أَنْتَ ". قَالَ فَاغُورْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ أَنْتَ إِلَهِ عِبَاسٍ عَنِ النَّبِيِّ صلى الله عَلَيه وسلم .

বাংলা

৩৪১৮। আবদুল্লাহ ইবনু আব্বাস (রাযিঃ) হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মাঝরাতে বা গভীর রাতে (তাহাজ্জুদের) নামাযে দাড়াতেন সে সময় বলতেনঃ "হে প্রভু! সকল প্রশংসা তোমার জন্য, তুমি আকাশমণ্ডলী ও পৃথিবীর আলো এবং সকল প্রশংসার অধিকারী তুমিই। তুমিই আকাশমণ্ডলী ও পৃথিবীকে সৃষ্টি করেছ। সকল প্রশংসা তোমার। তুমিই আকাশমণ্ডলী, দুনিয়া এবং উভয়ের মাঝখানের সমস্ত কিছুর প্রতিপালক, তুমি সত্য, তোমার প্রতিশ্রুতি সত্য, (আখিরাতে) তোমার সঙ্গে সাক্ষাৎলাভ সত্য, জারাত সত্য, জাহান্নাম সত্য এবং কিয়ামত (সংঘটিত হওয়ার প্রসঙ্গটি) সত্য। হে আল্লাহ! তোমার নিকট আমি আত্মসমর্পণ করেছি, তোমার উপর ঈমান এনেছি, তোমার উপর তাওয়াককুল (নির্ভর) করেছি, তোমার দিকেই প্রত্যাবর্তন করি, তোমার জন্যই যুদ্ধ করি এবং তোমাকেই বিচারক মানি। সুতরাং আমার পূর্বের-পরের এবং লুকায়িত ও প্রকাশ্য সকল গুনাহ তুমি ক্ষমা করে দাও। তুমিই আমার মা'বুদ, তুমি ছাড়া আর কোন মা'বুদ নেই"।



সহীহঃ ইবনু মাজাহ (হাঃ ১৩৫৫), বুখারী ও মুসলিম।

আবৃ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। ইবনু আব্বাস (রাযিঃ)-এর বরাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এ হাদীস একাধিক সূত্রে বর্ণিত হয়েছে।

English

`Abdullah bin `Abbas [may Allah be pleased with them] narrated, : that when the Messenger of Allah (ﷺ) would stand for prayer during the middle of the night, he would say: "O Allah, to You is the Praise, You are the Light of the heavens and the earth, and to You is the Praise, You are the Sustainer of the heavens and the earth, and to You is the praise, You are the Lord of the heavens and the earth, and those in them, You are the truth, and Your Promise is the truth, and Your meeting is true, and Paradise is true, and the Fire is true, and the Hour is true, O Allah, to You have I submitted, and in You have I believed, and in You have I relied, and to You have I turned, and by You have I argued, and to You have I referred for judgment. So forgive me what I have done before and after, and that which I have hidden and that which I have done openly. You are my Deity, no has the right to be worshiped but You (Allāhumma lakal-ḥamd, anta nūrus-samāwāti wal-ard, wa lakal-ḥamd, anta qayyāmus-samāwāti wal-ard, wa lakal-ḥamd, anta rabbus-samāwāti wal-ard, wa man fīhinn, antal-ḥagg, wa wa`dukal-ḥagg, wa ligā'uka ḥagg, wal-jannatu ḥagg, wan-nāru ḥagg, was-sā`atu ḥagg. Allāhumma laka aslamtu, wa bika āmantu, wa `alaika tawakkaltu, wa ilaika anabtu, wa bika khāṣamtu, wa ilaika ḥākamtu, faghfirlī mā gaddamtu wa mā akhartu, wa mā asrartu wa mā a`lant. Anta ilāhī lā ilāha illā ant)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন